সংবাদ

17 OCT 2017

# দেশে মানসম্মত স্কুলের অভাব

## ——— গণশিক্ষামন্ত্রী

<u>নিজস্ব বার্তা পরিবেশক</u>

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী অ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান বলেছেন, আমাদের দেশে বতর্মানে আর স্কুল বাড়ানোর প্রয়োজন নেই। দেশে স্কুলের অভাব নেই। তবে কোয়ালিটিসম্পন্ন স্কুলের অভাব। কোয়ালিটিসম্পন্ন স্কুল বাড়ানো হবে বলে জানান গণশিক্ষামন্ত্রী।

গতকাল বাংলাদেশ শিশু একাডেমিতে ১৪তম চাইল্ড পালার্মেন্ট আয়োজিত বিশেষ অধিবেশন উপলক্ষে 'দুর্যোগ ও আমরা' বিষয়ক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

গণশিক্ষামন্ত্রী বলেন, আজকের যারা শিশু তারাই আগামীর নের্তৃত্বে থাকবে। আমাদের লক্ষ্য হচ্ছে ২০২১'সালের মধ্য আয়ের ও ২০৪১ সালে উন্নত রাষ্ট্রে পরিণত হওয়া। এই লক্ষ্য অর্জন করতে হলে কোন শিশুকেই উপেক্ষা করার অবকাশ নাই। শিক্ষার উন্নয়ন এবং সবার জন্য শিক্ষা নিশ্চিত করার জন্য যা যা করা প্রয়োজন সবই করব। সব শিশুকেই যথাযথ শিক্ষার সুযোগ প্রদানে সরকার বদ্ধপরিকর। এসব শিশুই দেশের নের্তৃত্বে থাকবে, তাদেরকে উন্নত রাষ্ট্রের উপযোগী করে গড়ে তোলার দায়িত্ব আমাদের সবার।

তিনি আরও বলেন, দুর্যোগ এলাকার জন্য বিশেষ শিক্ষাবৃত্তি চালু করা হবে এবং তাদের প্রতি সরকার কঠোরভাবে সহযোগিতার হাত বাড়িয়ে দেবে।

অর্থ পরিকল্পনা প্রতিমন্ত্রী বলেন, শিশুদের মাঝে আর্থিক শিক্ষা পরিধি বাড়ানো কল্পে সরকার স্কুল ব্যাংকিং কার্যক্রম শুরু করেছে। শিশুদের জন্য আলাদা বাজেট প্রণয়ন করাও বর্তমান সরকারের অন্যতম উদ্যোগ। আমাদের মন্ত্রণালয় সভায় দুর্যোগ প্রবণ এলাকার জন্য টেকসই মানের বিদ্যালয় নির্মাণ ও উঁচু রাস্তা নির্মাণের বিষয়টি আলোচনা করব । আশাকরি দুর্যোগকালীন সময়ে লেখাপড়ায় কষ্ট হবে না।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এম এ মান্নান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. মাশুক মিয়া, বাংলাদেশ শিশু একাডেমির পরিচালক আনজীর লিটন, রিফাত বিন সাত্তার, সৌম্য ব্রত গুহ, তানিয়া নুসরাত জামান প্রমুখ।

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর